



কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং-১২.২০.০০০০.০০৪.২২.০৬.২০.৩৪৬৬(১)

তারিখ: ২৭ নভেম্বর, ২০২৪ খ্রি.

বিষয়: "Challenges and Opportunities of Seed Sector in Bangladesh: Public and Private Partnership" শীর্ষক কর্মশালায় বিজ্ঞানী/কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের পত্র নং-১২.০০.০০০০.০৯৮.০৩.০০১.২৩.২৫৪; তারিখ: ১৪.১০.২০২৪ খ্রি:।

উর্পর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গত ০৬ অক্টোবর, ২০২৪ তারিখে সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ১১১তম সভায় সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহ কর্তৃক উদ্ভাবিত উচ্চ ফলনশীল জাতের বীজ উৎপাদন, সরবরাহ ও বিতরণ বিষয়ক কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে গত ৩১ অক্টোবর, ২০২৪ তারিখে নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি এর সভাপতিত্বে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধির উপস্থিতিতে শস্য বিভাগ, বিএআরসি কর্তৃক এক প্রযুক্তিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২২ ডিসেম্বর ২০২৪ তারিখ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক "Challenges and Opportunities of Seed Sector in Bangladesh: Public and Private Partnership" শীর্ষক দিনব্যাপী কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য উক্ত কর্মশালায় প্রাইভেট সেক্টর হতে "Challenges and Opportunities of Seed Sector in Bangladesh: Public and Private Partnership" শিরোনামে একটি উপস্থাপনা প্রদানের অনুরোধ করা হলো। কর্মশালায় অংশগ্রহণকারীদের মধ্যে মূল প্রবন্ধের কপি বিতরণের লক্ষ্যে উপস্থাপনার কপি (Power point) আগামী ১০ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে বিএআরসিতে প্রেরণের (ই-মেইল: md.crops@barc.gov.bd এবং mahfuzbari@gmail.com) অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, কর্মশালায় বাংলাদেশ সীড এসোসিয়েশন এর পক্ষ হতে সংশ্লিষ্ট ৫০ জন বিজ্ঞানী/কর্মকর্তার মনোনয়ন আগামী ১০ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে বিএআরসিতে প্রেরণের (ই-মেইল: md.crops@barc.gov.bd এবং mahfuzbari@gmail.com) এবং আগামী ২২ ডিসেম্বর ২০২৪ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় বিএআরসি'র অডিটরিয়ামে অনুষ্ঠিত কর্মশালায় সার্বক্ষনিক অংশগ্রহণের অনুরোধ করা হলো।

২৭/১১/২৪

(ড. নাজমুন নাহার করিম)

নির্বাহী চেয়ারম্যান (বু. দা.)

ফোন: ৪১০২৫২৫২

ই-মেইল: ec.barc@barc.gov.bd

সভাপতি

বাংলাদেশ সীড এসোসিয়েশন

১/ডি, সংসদ ভবন এলাকা

মনিপুরিপাড়া, তেজগাঁও, ঢাকা।

অনুলিপিঃ

১। নির্বাহী পরিচালক, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১/ডি, সংসদ ভবন এলাকা, মনিপুরিপাড়া, তেজগাঁও, ঢাকা।

২। সাধারণ সম্পাদক, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১/ডি, সংসদ ভবন এলাকা, মনিপুরিপাড়া, তেজগাঁও, ঢাকা।

৩. পরিচালক (কম্পিউটার ও জিআইএস), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।